দামুড়হুদায় জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জেলা পুলিশের মহড়া অনুষ্ঠিত

দামুড়হুদায় জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে জেলা পুলিশের মহড়া অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১০ টার দিকে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে সমস্ত ভোটকেন্দ্রে যেন সাধারণ মানুষ নির্বিঘ্নে ভোট প্রদান করতে পারে সেজন্য জেলা পুলিশের মহড়া অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের নেতৃত্বে আগামী জাতীয় দ্বাদশ সংসদ নির্বাচন সুষ্ঠু এবং নিরপেক্ষ ভাবে সম্পূর্ণ করার জন্য সকল ভোট কেন্দ্রে যেন সাধারণ জনগণ তাদের ভোটাধিকার নির্বিঘ্নে প্রয়োগ করতে পারে, প্রতিটা নাগরিক যেন নির্বিঘ্নে ও নিরবিচ্ছিন্নভাবে তাদের ভোটাধিকার নিশ্চিত করতে পারে, এতে যেনো কেউ বাধা প্রদান করতে না পারে সে লক্ষে মহড়া প্রদর্শন করেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ। জেলার সব স্থানের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে চুয়াডাঙ্গা জেলা পুলিশ বদ্ধপরিকর।

এ সময় উপস্থিত ছিলেন, পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত মোঃ রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ পিপিএম-সেবা, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) জাকিয়া সুলতানা, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল), জেলা গোয়েন্দা শাখা (ডিবি) অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ সহ বিভিন্ন পদমর্যাদার অফিসার বৃন্দ মহড়ায় উপস্থিত ছিলেন।